

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

কারিগরি ও মান্দাসা শিক্ষা বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ চেত্র ১৪২৭ বঙ্গাব্দ / ০৭ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং-১১-আইন/২০২১।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন)  
এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম**—এই বিধিমালা বাংলাদেশ মান্দাসা শিক্ষক প্রশিক্ষণ ইনসিটিউট নিয়োগ  
বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “কমিশন” অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;
- (খ) “তফসিল” অর্থ এই বিধিমালার কোনো তফসিল;
- (গ) “নিয়োগকারী কর্তৃপক্ষ” অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো  
কর্মচারী;
- (ঘ) “পদ” অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;
- (ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” অর্থ কোনো পদে নিয়োগের জন্য তফসিলে উল্লিখিত  
যোগ্যতা;
- (চ) “শিক্ষানবিশ” অর্থ কোনো পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(৭৫২৯)

মূল্য : টাকা ২০.০০

- (ছ) “সিজিপিএ” বা “জিপিএ” অর্থ Cumulative Grade Point Average (CGPA) বা Grade Point Average (GPA); এবং
- (জ) “স্বীকৃত বিশ্ববিদ্যালয়” বা “স্বীকৃত প্রতিষ্ঠান” বা “স্বীকৃত ইনসিটিউট” বা “স্বীকৃত বোর্ড” অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান বা ইনসিটিউট বা বোর্ড এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান বা ইনসিটিউট বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

**৩। নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলের বিধান অনুযায়ী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা যাইবে, যথা:—

- (ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;
- (খ) পদোন্নতির মাধ্যমে; এবং
- (গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা যাইবে না যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদে নিয়োগের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

**৪। সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাচাই কমিটি বা নির্বাচন কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভুত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) উপ-বিধি (২) এর উদ্দেশ্যে পূরণকল্পে, নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাচাই কমিটি বা নির্বাচন কমিটি মৌখিক ও লিখিত পরীক্ষার ভিত্তিতে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করিবে:

তবে শর্ত থাকে যে, ২০তম গ্রেডভুক্ত কোনো পদে লিখিত পরীক্ষা গ্রহণ করা হইবে কিনা তাহা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

- (ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং
- (খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশুতিবন্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৫) কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

- (ক) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এইরূপে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং
- (খ) এতদুদ্দেশ্যে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে অথবা, তদন্ত হইলে, তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৬) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

- (ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি'সহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং
- (খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকিলে, স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৭) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত কোনো ব্যক্তি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদুর্ক গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতীত পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো কর্মকর্তা বা কর্মচারীর চাকরি বৃত্তান্ত সংগ্রহজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(৩) অস্থায়ী কোনো পদে এই বিধিমালার বিধান অনুযায়ী পদোন্নতি প্রদান করা যাইবে, তবে উক্ত পদোন্নতি অস্থায়ী হইবে এবং সংশ্লিষ্ট পদ স্থায়ী হইলে উক্ত পদোন্নতি স্থায়ী হইবে।

**৬। শিক্ষানবিশি।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশ স্টরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা যাইবে:

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বৃদ্ধি করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করিয়া থাকে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে, শিক্ষানবিশির মেয়াদ চলিবারকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকরিতে যোগদানের তারিখ হইতে চাকরিতে স্থায়ী হইবেন; এবং

(খ) যদি মনে করে যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবে; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবে।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা যাইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইবে, সেই সকল কর্মচারীকে শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন, তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **রাহিতকরণ ও হেফাজত।**—(১) বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনসিটিউট  
(বিএমটিআই) এর কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৪ এতদ্বারা রাহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রাহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত  
ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন;

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে; এবং

(গ) গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, এই  
বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন  
করিতে হইবে।

## তফসিল-১ [বিধি-২ (খ) দ্রষ্টব্য]

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	অধ্যক্ষ	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে।	<p><u>পদোন্নতির ক্ষেত্রে:</u></p> <p>উপাধ্যক্ষ বা সহযোগী অধ্যাপক পদে অন্যন্ত ৩ (তিনি) বৎসরের চাকরি।</p> <p><u>প্রেষণে বদলীর ক্ষেত্রে:</u></p> <p>অন্যন্ত দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএড, বিএমএড, এমএড বা শিক্ষায় ডিপ্লোমাসহ অধ্যাপক অথবা সমপদর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে।</p>
২।	উপাধ্যক্ষ	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে।	<p><u>পদোন্নতির ক্ষেত্রে:</u></p> <p>সহকারী পরিচালক বা সহকারী অধ্যাপক পদে অন্যন্ত ৬ (ছয়) বৎসরের চাকরি।</p> <p><u>প্রেষণে বদলীর ক্ষেত্রে:</u></p> <p>অন্যন্ত দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএড, বিএমএড, এমএড বা শিক্ষায় ডিপ্লোমাসহ সহযোগী অধ্যাপক অথবা সমপদর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে।</p>

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৩।	সহযোগী অধ্যাপক	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>  সহকারী পরিচালক বা সহকারী অধ্যাপক পদে অন্যন ৬ (ছয়) বৎসরের চাকরি।  <u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>  অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএড, বিএমএড, এমএড বা শিক্ষায় ডিপ্লোমাসহ সহযোগী অধ্যাপক অথবা সমপদর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে।
৪।	সহকারী পরিচালক	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>  প্রভাষক পদে অন্যন ৬ (ছয়) বৎসরের চাকরি।  <u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>  অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএড, বিএমএড, এমএড বা শিক্ষায় ডিপ্লোমাসহ সহকারী অধ্যাপক অথবা সমপদর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে।
৫।	সহকারী অধ্যাপক	-	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে।	<u>পদোন্নতির ক্ষেত্রে:</u>  প্রভাষক পদে অন্যন ৬ (ছয়) বৎসরের চাকরি।  <u>প্রেষণে বদলির ক্ষেত্রে:</u>  অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএড, বিএমএড, এমএড বা শিক্ষায় ডিপ্লোমাসহ সহকারী অধ্যাপক অথবা সমপদর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে।

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৬।	প্রভাষক	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	<p><b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b></p> <p>(ক) কোনো স্থানুকৃত বিশ্ববিদ্যালয় হইতে আরবি, আল-কুরআন এবং ইসলামিক স্টাডিজ, বাংলা, ইংরেজি, গণিত, শিক্ষা, ইসলামের ইতিহাস, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, পদার্থবিদ্যা বা রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ম্বাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি ম্বাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; অথবা</p> <p>(খ) অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএড, বিএমএড, এমএড অথবা শিক্ষায় ডিপ্লোমা।</p> <p><b>প্রেষণে বদলীর ক্ষেত্রে:</b></p> <p>অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে বিএড, বিএমএড, এমএড বা শিক্ষায় ডিপ্লোমাসহ সম্পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে।</p>
৭।	মেডিক্যাল অফিসার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	<p><b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b></p> <p>(ক) কোনো স্থানুকৃত বিশ্ববিদ্যালয় হইতে এমবিবিএস ডিগ্রি; এবং</p> <p>(খ) বাংলাদেশ মেডিকেল এবং ডেটাল কাউন্সিল (বিএমডিসি) কর্তৃক রেজিস্ট্রেশনপ্রাপ্ত।</p> <p><b>প্রেষণে বদলীর ক্ষেত্রে:</b></p> <p>সম্পদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে।</p>

(১)	(২)	(৩)	(৪)	(৫)
৮।	হিসাব রক্ষণ কর্মকর্তা	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে।	<p><u>পদোন্নতির ক্ষেত্রে:</u></p> <p>কোনো স্থীরুত্ব বিষ্঵বিদ্যালয় হইতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে মাতক বা সমমানের ডিগ্রিসহ ক্যাশিয়ার বা হিসাব সহকারী পদে অন্যুন ১৫ (পনের) বৎসরের চাকরি।</p> <p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u></p> <p>(ক) কোনো স্থীরুত্ব বিষ্঵বিদ্যালয় হইতে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত কোনো বিষয়ে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে মাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি মাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:</p> <p>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক ত্রৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ প্রতিষ্ঠানে হইবে না; এবং</p> <p>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা।</p> <p><u>প্রেষণে বদলীর ক্ষেত্রে:</u></p> <p>সমপদমর্যাদাসম্পন্ন কর্মকর্তাদের মধ্য হইতে।</p>
৯।	লাইব্রেরীয়ান কাম ডকুমেন্টেশন অফিসার	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p><u>পদোন্নতির ক্ষেত্রে:</u></p> <p>লাইব্রেরী এ্যাসিস্ট্যান্ট পদে অন্যুন ১২ (বার) বৎসরের চাকরি।</p>

(১)	(২)	(৩)	(৪)	(৫)
				<p><b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b></p> <p>(ক) কোনো স্থানে বিশ্ববিদ্যালয় হইতে প্রস্থান করা এবং প্রস্থান ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে মাতকোত্তর বা সমমানের ডিপ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি মাতক (সম্মান) বা সমমানের ডিপ্রি:</p> <p>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না; এবং</p> <p>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা।</p>
১০।	সহকারী প্রোগ্রামার	সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।		
১১।	প্রশাসনিক কর্মকর্তা	৩০ বৎসর পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।		<p><b>পদোন্নতির ক্ষেত্রে:</b></p> <p>উচ্চমান সহকারী পদে অন্যুন ৮(আট) বৎসরের চাকরি।</p> <p><b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b></p> <p>(ক) কোনো স্থানে বিশ্ববিদ্যালয় হইতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে মাতকোত্তর বা সমমানের ডিপ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি মাতক (সম্মান) বা সমমানের ডিপ্রি:</p> <p>তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;</p> <p>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা;</p> <p>এবং</p> <p>(গ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
১২।	কম্পিউটার অপারেটর	সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।		

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৩।	উচ্চমান সহকারী	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p><b>পদোন্নতির ক্ষেত্রে:</b> অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যুন ৬ (ছয়) বৎসরের চাকরি।</p> <p><b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b></p> <p>(ক) কোনো স্থায়ী বিশ্ববিদ্যালয় হইতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে মাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি মাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি: তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;</p> <p>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং</p> <p>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
১৪।	ডাটা এন্ট্রি অপারেটর		সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।	
১৫।	কম্পিউটার অপারেটর কাম ল্যাব এ্যাসিস্ট্যান্ট	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>(ক) কোনো স্থায়ী বিশ্ববিদ্যালয় হইতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে মাতক বা সমমানের ডিগ্রি; এবং</p> <p>(খ) কম্পিউটারে MS Office- এ কাজ করিবার দক্ষতা।</p>
১৬।	লাইব্রেরী এ্যাসিস্ট্যান্ট	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>(ক) কোনো স্থায়ী বিশ্ববিদ্যালয় হইতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে মাতক বা সমমানের ডিগ্রি;</p> <p>(খ) কোনো স্থায়ী ইনসিটিউট বা প্রতিষ্ঠান হইতে গ্রহণার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং</p> <p>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>

(১)	(২)	(৩)	(৪)	(৫)
১৭।	কেয়ারটেকার কাম স্টোর কিপার	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p><u>পদোন্নতির ক্ষেত্রে:</u></p> <p>অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যন ৬ (হয়) বৎসরের চাকরি।</p> <p><u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u></p> <p>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ-তে মাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি:</p> <p style="padding-left: 2em;">তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;</p> <p>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং</p> <p>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
১৮।	মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট কোর্স সনদ পরীক্ষায় উত্তীর্ণ; এবং</p> <p>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
১৯।	ক্যাশিয়ার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং</p> <p>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>

(১)	(২)	(৩)	(৪)	(৫)
২০।	হিসাব সহকারী	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;</p> <p>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং</p> <p>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>
২১।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<p><b>পদোন্নতির ক্ষেত্রে:</b></p> <p>(ক) মেশিন অপারেটর কাম টেকনিশিয়ান পদে অন্যুন ৫(পাঁচ) বৎসর;</p> <p>(খ) অফিস সহায়ক পদসহ মেশিন অপারেটর কাম টেকনিশিয়ান পদে সর্বমোট ১০ (দশ) বৎসরের চাকরি; অথবা</p> <p>(গ) অফিস সহায়ক পদে অন্যুন ১০ (দশ) বৎসরের চাকরি।</p> <p><b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b></p> <p>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ:</p> <p style="margin-left: 20px;">তবে শর্ত থাকে যে, শিক্ষা জীবনে একাধিক তৃতীয় বিভাগ বা শ্রেণি অথবা সমমানের জিপিএ বা সিজিপিএ গ্রহণযোগ্য হইবে না;</p> <p>(খ) কম্পিউটারে MS Office-এ কাজ করিবার দক্ষতা; এবং</p> <p>(গ) তফসিল-৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।</p>

(১)	(২)	(৩)	(৪)	(৫)
২২।	গাড়ী চালক	৩০ বৎসর	(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; (খ) আউটসোর্সিং-এর মাধ্যমে।	<b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b> (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যন্য জুনিয়র স্কুল সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) গাড়ী চালনার লাইসেন্সহ হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শীতা; এবং (গ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। <b>আউট সের্সিং-এর ক্ষেত্রে:</b> অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী।
২৩।	মেশিন অপারেটর কাম টেকনিশিয়ান	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	<b>পদোন্নতির ক্ষেত্রে:</b> অফিস সহায়ক পদে অন্যন্য ৫(পাঁচ) বৎসরের চাকরি। <b>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</b> (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যন্য মাধ্যমিক স্কুল সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট মেশিন চালনা বা রক্ষণাবেক্ষণে বাস্তব অভিজ্ঞতা; এবং (খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।
২৪।	অফিস সহায়ক		মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর, পরিদপ্তর এবং দপ্তরের কর্মন পদ নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী।	
২৫।	ইলেক্ট্রিশিয়ান		অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী।	
২৬।	সহকারী কুক		অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী।	
২৭।	মালি		অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী।	
২৮।	পরিচ্ছন্নতা কর্মী		অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী: তবে শর্ত থাকে যে, মোট পদের শতকরা ৮০ ভাগ পদ জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে।	
২৯।	নিরাপত্তা প্রহরী		অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০১৮” অনুযায়ী।	

**তফসিল-২**  
[বিধি-২ (খ) দ্রষ্টব্য]

প্রশাসনিক কর্মকর্তা পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

পরীক্ষার নাম	পরীক্ষার বিষয়	নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)
লিখিত পরীক্ষা	১। বাংলা	৭৫	৫০%	৩ ঘণ্টা
	২। ইংরেজি	৭৫		
	৩। গণিত	২৫		
	৪। সাধারণ জ্ঞান	২৫		
	মোট নম্বর	২০০		
মৌখিক পরীক্ষা		২৫	-	-
সর্বমোট নম্বর		২২৫	-	-

ব্যাখ্যা।—লিখিত পরীক্ষায় উভ্রূপ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

**তফসিল-৩**  
[বিধি-২ (খ) দ্রষ্টব্য]

উচ্চমান সহকারী, লাইভেরী এ্যাসিস্ট্যান্ট, কেয়ারটেকার কাম স্টোর কিপার, মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট,  
ক্যাশিয়ার, হিসাব সহকারী ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ  
প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর, ইত্যাদি

পরীক্ষার নাম	পরীক্ষার বিষয়	নম্বর	সর্বনিম্ন পাস নম্বর	সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)
লিখিত পরীক্ষা	১। বাংলা	২৫	৫০%	৯০ মিনিট
	২। ইংরেজি	২৫		
	৩। গণিত/প্রাসঙ্গিক টেকনিক্যাল	২০		
	৪। সাধারণ জ্ঞান	২০		
	মোট নম্বর	৯০		
মৌখিক পরীক্ষা		১০	-	-
সর্বমোট নম্বর		১০০	-	-

ব্যাখ্যা।—লিখিত পরীক্ষায় এবং তফসিল-৪ এ বর্ণিত মুদ্রাক্ষর/কম্পিউটার এ্যাপটিচিউড টেস্টে, প্রযোজ্য ক্ষেত্রে,  
উভ্রূপ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

**তফসিল-৪**

[বিধি-২ (খ) দ্রষ্টব্য]

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষরিক পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি

পদের নাম	ইংরেজিতে সর্বনিয়ন্ত্রিত গতি (প্রতি মিনিটে)	বাংলায় সর্বনিয়ন্ত্রিত গতি (প্রতি মিনিটে)	ইংরেজি পরীক্ষায় মোট নম্বর	বাংলা পরীক্ষায় মোট নম্বর	প্রতি বিষয়ে সর্বনিয়ন্ত্রিত পাস নম্বর	গড় পাস নম্বর	ইংরেজি পরীক্ষার সময়	বাংলা পরীক্ষার সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	২০ শব্দ	২০ শব্দ	৫০	৫০	৪০%	৫০%	১০ মিনিট	১০ মিনিট

**ব্যাখ্যা।—**(১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হইবে।

(২) ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিয়ন্ত্রিত গতিকে পাস নম্বর ৪০% (চলিশ শতাংশ) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৫**

[বিধি-২ (খ) দ্রষ্টব্য]

গাড়ী চালক, মেশিন অপারেটর কাম টেকনিশিয়ান পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের পরীক্ষার নাম,  
বিষয়, নম্বর, ইত্যাদি

পরীক্ষার নাম	পরীক্ষার বিষয়	নম্বর	সর্বনিয়ন্ত্রিত পাস নম্বর	সময়
(১)	(২)	(৩)	(৪)	(৫)
লিখিত পরীক্ষা	১। বাংলা	১০	৫০%	১ ঘন্টা
	২। ইংরেজি	১০		
	৩। গণিত/প্রাসঙ্গিক টেকনিক্যাল	১০		
	৪। সাধারণ জ্ঞান	১০		
	মোট নম্বর	৪০		
মৌখিক পরীক্ষা		১০	-	-
সর্বমোট=		৫০	-	-

**ব্যাখ্যা।—**লিখিত ও ব্যাবহারিক, প্রযোজ্য ক্ষেত্রে, পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মোঃ আবদুর রহমান  
উপসচিব।**

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)